গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সোনারগাঁ, নারায়ণগঞ্জ

## উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির এপ্রিল-২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ তৌহিদ এলাহী
উপজেলা নির্বাহী অফিসার
সোনারগাঁ, নারায়ণগঞ্জ

তারিখঃ ১৯ এপ্রিল, ২০২২; সময়ঃ দুপুর- ২ টা

সভার উপস্থিতি- পরিশিষ্ট "ক" তে সংযুক্ত

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি উপস্থিত সম্মানীত সদস্যগণের নিকট হতে মুক্ত আলোচনার আহবান জানান। সে প্রেক্ষিতে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত হয়।

**বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির মার্চ, ২০২২ মাসের সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে সকলে মত প্রকাশ করেন। | উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির মার্চ, ২০২২ মাসের সভার কার্যবিবরণী দৃঢ়করণ করতে হবে। | সকল সদস্য |

**সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতিঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ২.০১. সভায় উপজেলা মহিলা বিষয়ক অফিসার, সোনারগাঁ জনাব নাজমা আক্তার জানান যে, সোনারগাঁ উপজেলায় বাল্য বিবাহ এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কার্যক্রম অব্যাহত রয়েছে। বাল্য বিবাহের কোন তথ্য পাওয়ার সাথে সাথেই উপজেলা প্রশাসনের সহযোগিতায় সাথে সাথে বন্ধ করে দেয়া হয়। এ বিষয়ে সকলকে তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান।<br>এ বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সোনারগাঁ বীর মুক্তিযোদ্ধা এডভোকেট মোঃ সামসুল ইসলাম ভূইয়া বলেন যে, প্রতিটি ইউনিয়নে বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভাপতি হচ্ছে ঐ ইউনিয়নের চেয়ারম্যান সাহেব। তাই ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে অন্তত একবার করে হলেও বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা করে তার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সাহেবদেরকে অনুরোধ জানান। | বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং প্রতিটি ইউনিয়নে বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত ওয়ার্ড কমিটির নিয়মিত সভা করে তার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। উপজেলা মহিলা বিষয়ক অফিসার<br>২। চেয়ারম্যান (সকল) ইউপি |
| ২.০২। বীর মুক্তিযোদ্ধা এডভোকেট মোঃ সামসুল ইসলাম ভূইয়া, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সোনারগাঁ বলেন যে, মোগরাপাড়া চৌরাস্তা থেকে সোনারগাঁ উপজেলায় আসতে দীর্ঘক্ষণ যানজটে পড়তে হয়। বিশেষকরে কোম্পানীর বড় বড় গাড়ী গুলো একসাথে ঢুকে এবং রাস্তার পাশে অবৈধ দোকানপাঠ বসে যানজটের সৃষ্টি করছে। যানজট নিরসনের বিষয়ে বিগত ৫/৬ বছর ধরে আলোচনা ও সিদ্ধান্ত হলেও এর স্থায়ী কোন প্রতিকার হচ্ছে না। অভিযান পরিচালনা করার কিছু দিন পর আবার অবৈধ দোকানপাঠ রাস্তার পাশে বসে যানজট সৃষ্টি করছে। তিনি আরও বলেন যে, বারদীতে একটি অনাকাঙ্খিত ঘটনা ঘটেছে। দুই পক্ষের ২০ জন লোক আহত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছে। এটি কোন রাজনৈতিক ঘটনা নয়। ব্যক্তি স্বার্থে এবং ব্যক্তিগত আধিপত্যকে কেন্দ্র করে এই অনাকাঙ্খিত ঘটনা ঘটেছে। এ বিষয়ে সকলকে সতর্ক থাকতে হবে যেন ভবিষ্যতে যেন এরকম ঘটনা না ঘটে। | মোগরাপাড়া চৌরাস্তায় যানজট স্থায়ীভাবে নিরসনের জন্য অভিযান পরিচালনা করতে হবে এবং কিছু স্বেচ্ছাসেবী নিয়োগ করা হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁ<br>২। সহকারী কমিশনার (ভূমি), সোনারগাঁ<br>৩। অফিসার ইনচার্জ সোনারগাঁ থানা<br>৪। চেয়ারম্যান মোগরাপাড়া ইউপি |

CamScanner

| | | |
|---|---|---|
| মোগরাপাড়া চৌরাস্তায় যানজট নিরসনের বিষয়ে উপজেলা আইন শৃঙ্খলা কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁ জনাব তৌহিদ এলাহী বলেন যানজট নিরসনের জন্য অভিযান পরিচালনা করে অবৈধ দোকানপাঠ উচ্ছেদ করা হলেও কিছু দিন পরেই আবার অবৈধ দোকানপাঠ বসে যায়। এ বিষয়ে স্থায়ী পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং কিছু স্বেচ্ছাসেবী নিয়োগ করতে হবে।<br>এ বিষয়ে মাননীয় সংসদ সদস্য-২০৬, নারায়ণগঞ্জ-৩ জনাব লিয়াকত হোসেন খোকা বলেন যে, মোগরাপাড়া চৌরাস্তায় যানজট নিরসনের বিষয়টি দীর্ঘ দিন ধরে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল এবং অভিযান পরিচালনা করে যানজট নিরসন করা হয়েছিল। কিন্তু কিছু দিন পরেই রাস্তার পাশে অবৈধ দোকানপাঠ বসে আবার যানজটের সৃষ্টি হয়। তিনি আরও বলেন যে, স্থায়ী ভাবে যানজট নিরসন করতে হলে প্রথমে সিএনজি/অটো রিক্সা গুলোকে একটি সিএনজি স্টান্ড করে দিতে হবে। বিগত ৩/৪ বছর আগে স্থায়ীভাবে যানজট নিরসনের বিষয়ে একটি সিএনজি স্টান্ড করার জন্য মোগরাপাড়া চৌরাস্তায় রোডস্ এন্ড হাইওয়ের যায়গায় একটি অবৈধ মার্কেট ছিল সেই মার্কেটটি ভেঙ্গে সেখানে সিএনজি স্ট্যান্ড করা হয়েছিল। কিছু দিন যাওয়ার পর সেই স্ট্যান্ডটিও অবৈধ দখলে চলে যায়। অভিযান পরিচালনা করে সিএনজি/অটো রিক্সা গুলোর জন্য একটি সিএনজি স্টান্ড করা হলে এবং কিছু সংখ্যক স্বেচ্ছাসেবক নিয়োগ করা হলে স্থায়ীভাবে যানজট নিরসন হবে। | | |
| ২.০৩। জনাব হাফিজুর রহমান, অফিসার ইনচার্জ, সোনারগাঁ থানা বলেন যে, পহেলা বৈশাখ এর অনুষ্ঠান উপলক্ষ্যে একজন গণমাধ্যমকর্মী উস্কানীমূলক বক্তব্য প্রদান করে দেশকে অস্থিতিকর অবস্থা তৈরী করার চেষ্টা করছে তার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাই। কিছু দুস্কৃতিকারী ব্যক্তি উপজেলাকে অস্থিতিশীল অবস্থা সৃষ্টি করতে চাচ্ছে। এই দুস্কৃতিকারী ব্যক্তির বিরুদ্ধে সোচ্চার হতে হবে।<br>এ বিষয়ে উপজেলা আইন শৃঙ্খলা কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁ জনাব তৌহিদ এলাহী বলেন যে, পহেলা বৈশাখ সরকারি ভাবেই সাংস্কৃতিক অনুষ্ঠান ও মেলা উৎযাপনের নির্দেশনা রয়েছে। সেই নির্দেশনা মোতাবেক সোনারগাঁ উপজেলায় বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। কিন্তু একজন গনমাধ্যমকর্মী ফেসবুকে ধর্মীয় সাম্প্রদায়িক উস্কানিমূলক পোষ্ট করে দেশে অস্থিতিশীল অবস্থা সৃষ্টি করার চেষ্টা করছে। এই দুস্কৃতিকারীদের বিরুদ্ধে সোচ্চার থাকতে হবে। সাম্প্রদায়িতকতার বিষবাষ্প ছড়িয়ে মৌলবাদিদের প্রশাসন, সাংস্কৃতিক কর্মী ও সরকারকে জনগণের মুখোমুখি দাড় করিয়ে দেয়া হয়েছে। সোনারগাঁ এ মামুনুল হক কান্ডের পর ধর্মান্ধ গোষ্ঠির আবেগে হাওয়া দিয়ে আরো একটি অস্থিতিশীল পরিস্থিতি তৈরি করাই এর উদ্দেশ্য। আরেকটি কুমিল্লা, শালনা, নাসিরনগর, ব্রাক্ষণবাড়িয়ার মত ধর্মীয় উম্মাদনা তৈরি হতে পারে যে কোন সময়।<br>এ বিষয়ে উপজেলা পরিষদ চেয়ারম্যান, সোনারগাঁ জনাব মোঃ সামসুল ইসলাম ভূইয়া বলেন যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা পরিষদের জমি বেদখল করে সরকার বিরোধী কার্যক্রম পরিচালনা হচ্ছে। অবৈধ দখলের বিষয়ে উচ্ছেদ অভিযান পরিচালনা করতে হবে।<br>এ বিষয়ে মাননীয় সংসদ সদস্য-২০৬, নারায়ণগঞ্জ-৩ জনাব লিয়াকত হোসেন খোকা বলেন যে, বর্তমানে কিছু দুস্কৃতিকারী দেশে অস্থিতিশীল অবস্থা তৈরী করে মাননীয় প্রধানমন্ত্রীর জননেত্রী শেখ হাসিনার উন্নয়নকে ব্যাহত করতে চেষ্টা করছে। যে কোন সময় তারা দেশে অনাকাঙ্খিত ঘটনা ঘটাতে পারে সেজন্য সকলকে সতর্ক থাকতে হবে এবং যে কোন মূল্যে এদেরকে প্রতিহত করতে হবে। | পহেলা বৈশাখ এর অনুষ্ঠান উপলক্ষ করে প্রশাসনকে অস্থিতিশীল করার অভিপ্রায়ে জড়িত দুস্কৃতিকারী ব্যক্তিকে প্রতিহত করতে হবে ও প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং উপজেলা পরিষদের অভ্যন্তরে স্থাপিত পরিষদের বেদখলকৃত জমিতে অবৈধ স্থাপনা সমূহ উচ্ছেদ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁ<br>২। সহকারী কমিশনার (ভূমি), সোনারগাঁ<br>৩। অফিসার ইনচার্জ সোনারগাঁ থানা |
| ২.৪ উপজেলা আইন শৃঙ্খলা কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁ জনাব তৌহিদ এলাহী বলেন যে, আগামী ২৮ এপ্রিল, ২০২২ তারিখ আশ্রয়ন প্রকল্পের ঘর উদ্বোধন করা হবে। আশ্রয়ন প্রকল্পে প্রতিটি ঘরে ঘরে বিদ্যুতের সংযোগ দেয়া প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আশ্রয়ন প্রকল্পের প্রতিটি ঘরে ঘরে বিদ্যুতের সংযোগ দিতে হবে। | ডিজিএম<br>নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুত সমিতি-১<br>সোনারগাঁ জোন |

CS CamScanner

০৩. মাদক দ্রব্য ব্যবহার ও বিক্রয় রোধঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভাপতি বলেন যে, যুব সমাজকে মাদকের ভয়াল ছোবল থেকে রক্ষা করার জন্য অভিভাবক ও জনপ্রতিনিধিদের সমন্বয়ে যুবকদের কাউন্সেলিং এর ব্যবস্থা করতে হবে। মাদক বিক্রেতাদের বিরুদ্ধে আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। মাদক বিক্রি বন্ধ করার জন্য সকলকে যৌথভাবে অভিযান পরিচালনা করার অনুরোধ জানান। | মাদকের অপব্যবহার নির্মূল করার জন্য সামাজিকভাবে সকলে একত্রে কাজ করতে হবে এবং এ বিষয়ে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br>মাদকসেবী ও মাদক বিক্রেতাদের বিরুদ্ধে মোবাইল কোর্টের অভিযান পরিচালনা করা হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁ<br>২।সহকারী কমিশনার (ভূমি)<br>৩। অফিসার ইনচার্জ, সোনারগাঁ থানা |

০৪. জঙ্গিবাদঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অফিসার ইনচার্জ, সোনারগাঁ থানা বলেন যে, মাদক নির্মূলে পুলিশ জিরো টলারেন্স অবস্থায় রয়েছে। এছাড়াও নদীপথে ও সড়ক পথে চাদাবাজির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি বলেন, জঙ্গীবাদ ও ধর্ম এক নয়। এ বিষয়ে প্রতিটি মসজিদের ইমাম সাহেব খুতবার মাধ্যমে প্রচারনা করার এবং প্রতি জুম্মার খুতবায় সামাজিক বিষয়াবলী নিয়ে আলাপ-আলোচনা করার জন্য অনুরোধ জানান।<br>সভাপতি জঙ্গিবাদ, মৌলবাদ সম্পর্কে সঠিক তথ্য উপস্থাপনের জন্য উপজেলার সকল ইমামদের সমন্বয়ে নিয়মিত সভা আয়োজন করার বিষয়ে আলোচনা করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | মাদক ও চাদা বাজি প্রতিরোধে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে। জঙ্গীবাদ এর অপতৎপরতা রোধে প্রতিটি মসজিদের ইমাম তথা সচেতন জনগণের মাধ্যমে এবং উপজেলার সকল ইমামদের সমন্বয়ে নিয়মিত সভা আয়োজন করতে হবে। | ১। অফিসার ইনচার্জ সোনারগাঁ থানা<br>২। ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন<br>৩। ইমাম, সকল মসজিদ |

০৫ যৌন হয়রানী (ইভটিজিং):

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, প্রতিটি প্রতিষ্ঠান/সংস্থায় ৫ সদস্য বিশিষ্ট কম্পেইন কমিটি রয়েছে। কমিটির সভাপতি হচ্ছেন মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সোনারগাঁ এবং সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক অফিসার। সভায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে এবং প্রতিষ্ঠান সংলগ্ন গেইট ও এর আশেপাশে ইভটিজিং প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশী টহল জোরদার করার বিষয়ে অনুরোধ জানান। | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ইভটিজিং প্রতিরোধে প্রচারনামূলক কার্যক্রম এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সামনে পুলিশী টহল ব্যবস্থা জোরদারকরণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁ<br>২। অফিসার ইনচার্জ সোনারগাঁ থানা<br>৩। উপজেলা শিক্ষা অফিসার<br>৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |

CamScanner

০৬. সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কার্যক্রমঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভাপতি জানান যে, সন্ত্রাস ও জঙ্গীবাদ প্রতিরোধ কমিটি পূর্বের ন্যায় আগামী দিন গুলিতেও জোরালো ভূমিকা রাখবেন। এ ক্ষেত্রে প্রতি ইউনিয়নে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ও সদস্যগণ জোরালো ভূমিকা রাখতে পারেন। সন্ত্রাস ও নাশকতা রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, সোনারগাঁ থানাকে অনুরোধ জানান। তিনি বলেন যে, প্রতিটি ইউনিয়নের আইন-শৃঙ্খলা ভাল হলেই সোনারগাঁয়ের আইন-শৃঙ্খলা ভাল হবে। তিনি সকল ইউনিয়ন ও ওয়ার্ডে সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি প্রতিনিয়ত সভা করে সচেতনতা বৃদ্ধি করার বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | সকল ইউনিয়ন ও ওয়ার্ডে সন্ত্রাস ও নাশকতা কমিটির নিয়মিত সভা করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২।চেয়ারম্যান, সকল ইউপি |

সভায় কার্যতালিকা অনুযায়ী আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৯/৪/২০২২

(তৌহিদ এলাহী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
সোনারগাঁ, নারায়ণগঞ্জ

স্মারক নং ০৫.৪১.৬৭০৪.০০২.১৫.০০৮.২২- ২৬৪/১(৩০)

তারিখঃ ১৯/৪/২০২২ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। মাননীয় সংসদ সদস্য-২০৬, নারায়ণগঞ্জ-৩।
২। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৩। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
৪। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।

জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। উপজেলা ---------------------------------------অফিসার, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
২। চেয়ারম্যান --------------------------------ইউনিয়ন (সকল), সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
৩। জনাব ---------------------------------------------------------------------

১৯/৪/২০২২

(তৌহিদ এলাহী)
উপজেলা নির্বাহী অফিসার
সোনারগাঁ, নারায়ণগঞ্জ

CamScanner

## পরিশিষ্ট- "ক"

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দঃ

| | | |
|---|---|---|
| ১. | জনাব তৌহিদ এলাহী, উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | সভাপতি |
| ২. | জনাব গোলাম মুস্তাফা মুন্না, সহকারী কমিশনার (ভূমি), সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ৩. | জনাব হাফিজুর রহমান, অফিসার ইনচার্জ, সোনারগাঁ থানা, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ৪. | জনাব আল আমিন সরকার, চেয়ারম্যান, বৈদ্যেরবাজার ইউপি, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ৫. | জনাব মোঃ হুমায়ন কবির ভূইয়া, চেয়ারম্যান, জামপুর ইউনিয়ন পরিষদ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ৬. | জনাব ইঞ্জিনিয়ার মাসুদুর রহমান মাসুম, পিরোজপুর ইউনিয়ন পরিষদ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ৭. | জনাব সামসুল ইসলাম (সামসু), চেয়ারম্যান, নোয়াগাও ইউনিয়ন পরিষদ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ৮. | জনাব জাহিদ হাসান জিন্নাহ, চেয়ারম্যান, সনমান্দী ইউনিয়ন পরিষদ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ৯. | জনাব মোঃ মাহবুব রহমান বাবুল, চেয়ারম্যান , বারদী ইউনিয়ন পরিষদ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/ |
| ১০. | জনাব আলহাজ্ব আঃ রউফ, চেয়ারম্যান, শম্ভুপুরা ইউনিয়ন পরিষদ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ১১. | জনাব আলহাজ্ব আঃ রশিদ মোল্লা, চেয়ারম্যান, সাদিপুর ইউনিয়ন পরিষদ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ১২. | জনাব ডাঃ সাবরিনা হক, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, সোনারগাঁ, নারায়ণগঞ্জ | স্বাক্ষরিত/- |
| ১৩. | জনাব দৌলতর রহমান, উপজেলা শিক্ষা অফিসার, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ১৪. | জনাব নাজমা আক্তার, উপজেলা মহিলা বিষয়ক অফিসার, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ১৫. | জনাব জেসমিন আক্তার, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ১৬. | জনাব সাকিবা সুলতানা, উপজেলা সমাজসেবা অফিসার, সোনারগাঁ, নারায়ণগঞ্জ | স্বাক্ষরিত/- |
| ১৭. | জনাব শহিদুজ্জামান রাজু, উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, সোনারগাঁ, নারায়ণগঞ্জ | স্বাক্ষরিত/- |
| ১৮. | জনাব প্রকৌশলী গোলাম আহম্মদ, ডি,জি,এম,নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১, সোনারগাঁ | স্বাক্ষরিত/- |
| ১৯. | জনাব মোঃ ওয়ালী উল্লাহ সহ-প্রধান শিক্ষক, মোগরাপাড়া সরকারি উচ্চ বিদ্যালয়, সোনারগাঁ | স্বাক্ষরিত/- |
| ২০. | জনাব এড. নুরজাহান, জেলা পরিষদ সদস্য, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ২১. | জনাব এসএম সালাউদ্দিন, সভাপতি, সোনারগাঁ প্রেসক্লাব, সোনারগাঁ। | স্বাক্ষরিত/- |
| ২২. | জনাব আবু বক্কর সিদ্দিক (বাবুল), সাং- আলমদী, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ২৩. | জনাব জাহেদা আকতার মনি, সংরক্ষিত সদস্য-৪, উপজেলা পরিষদ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ২৪. | জনাব আলী হায়দার, সাধারণ সম্পাদক, উপজেলা যুবলীগ, সোনারগাঁ। | স্বাক্ষরিত/- |

অনুপস্থিত সদস্যবৃন্দঃ

| | |
|---|---|
| ২৫. | জনাব মোঃ মনিরুজ্জামান, অফিসার ইনচার্জ , হাইওয়ে থানা, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। |
| ২৬. | জনাব মিজানুর রহমান, এসআই(নিঃ), বৈদ্যেরবাজার নৌ-পুলিশ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। |
| ২৭. | জনাব মোঃ জাকির হোসেন, পুলিশ পরিদর্শক, শিল্পপুলিশ ক্যাম্প, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। |
| ২৮. | জনাব মোঃ আরিফ মাসুদ, চেয়ারম্যান, মোগরাপাড়া ইউপি, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। |
| ২৯. | জনাব মোশারফ হোসেন, চেয়ারম্যান, কাঁচপুর ইউনিয়ন পরিষদ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। |
| ৩০. | জনাব মোঃ সাইফুল ইসলাম প্রধান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। |
| ৩১. | জনাব আশরাফুজ্জামান অপু, অধ্যক্ষ, সোনারগাঁ সরকারি কলেজ, সোনারগাঁ। |
| ৩২. | জনাব নাজমুল ইসলাম, প্রধান শিক্ষক, তাহেরপুর ইসলামিয়া সিনিয়র মাদ্রাসা, সোনারগাঁ |
| ৩৩. | জনাব মাহফুজুর রহমান কালাম,সাবেক ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ, সোনারগাঁ উপজেলা |
| ৩৪. | জনাব মোস্তাফিজুর রহমান মাসুম, জেলা পরিষদ সদস্য, নারায়ণগঞ্জ। |
| ৩৫. | জনাব পনির ভূইয়া, সহ-সভাপতি, উপজেলা প্রেসক্লাব, সোনারগাঁ, নারায়ণগঞ্জ |
| ৩৬. | জনাব হাজী মো: ইসহাক মিয়া, সাং- সোনারকান্দি, সনমান্দী, সোনারগাঁ। |
| ৩৭. | জনাব আনোয়ারা, ফিল্ড সুপারফাইজার, ইসলামিক ফাউন্ডেশন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। |

CS CamScanner